

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,  
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৩২/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১৪ সেপ্টেম্বর, বৃহস্পতিবার ২০২৩, ৩০ ভাদ্র ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। দেশের ২৪ তম প্রধান বিচারপতি নেত্রকোনার মোহনগঞ্জের ওবায়দুল হাসান
- ০২। কমনওয়েলথভুক্ত দেশগুলোকে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর
- ০৩। টিসিবির পণ্য বিক্রি শুরু হচ্ছে আজ, যুক্ত হচ্ছে চিনি
- ০৪। শেরপুরের ঝিনাইগাতীতে ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের মতবিনিময়
- ০৫। স্যালাইন এর দাম বেশি রাখলে ব্যবস্থা নেবে ভোক্তা অধিদপ্তর

### ০১। দেশের ২৪ তম প্রধান বিচারপতি নেত্রকোনার মোহনগঞ্জের ওবায়দুল হাসান

বাংলাদেশ সুপ্রিম কোর্ট আপিল বিভাগের বিচারক, বিচারপতি ওবায়দুল হাসান বাংলাদেশের প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ পেয়েছেন। ১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ রাষ্ট্রপতির আদেশক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সচিব মোঃ গোলাম সারওয়ার স্বাক্ষরিত প্রজ্ঞাপনের মাধ্যমে বিচারপতি ওবায়দুল হাসানকে প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদের ক্ষমতাবলে রাষ্ট্রপতি এই নিয়োগ দিয়েছেন। এই নিয়োগ শপথ গ্রহণের তারিখ থেকে কার্যকর হবে। বাংলাদেশের ২৪ তম প্রধান বিচারপতি হিসেবে বিচারপতি ওবায়দুল হাসান বিদায়ী প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর স্থলাভিষিক্ত হবেন। বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর মেয়াদ শেষ হচ্ছে ২৫শে সেপ্টেম্বর। বৃহত্তর ময়মনসিংহের নেত্রকোনা জেলার হাওর উপজেলা খ্যাত মোহনগঞ্জ উপজেলা তথা ভাটির জনপদের আলোকিত মানুষ ওবায়দুল হাসান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

### ০২। কমনওয়েলথভুক্ত দেশগুলোকে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে অন্যান্য দেশের সঙ্গে কমনওয়েলথভুক্ত দেশগুলোর ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের এই অঞ্চলের তিন বিলিয়ন মানুষের বাজার পেতে বিনিয়োগ চেয়েছেন। বুধবার (১৩ সেপ্টেম্বর) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) দু'দিনব্যাপী 'কমনওয়েলথ ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট ফোরাম ২০২৩' এর উদ্বোধনকালে প্রধান অতিথি হিসেবে ভাষণকালে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক সবুজ।

### ০৩। টিসিবির পণ্য বিক্রি শুরু হচ্ছে আজ, যুক্ত হচ্ছে চিনি

মাসিক কর্মসূচির অংশ হিসেবে আজ বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) থেকে ভর্তুকি মূল্যে সেপ্টেম্বর মাসের পণ্য বিক্রি শুরু করতে যাচ্ছে সরকারি সংস্থা ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)। এ মাসে দেশব্যাপী এক কোটি ফ্যামিলি কার্ডধারী নিম্ন আয়ের পরিবারের মধ্যে ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য বিক্রি কার্যক্রমে সয়াবিন তেল, মসুর ডাল ও চালের সঙ্গে চিনি যুক্ত করা হয়েছে। বুধবার (১৩ সেপ্টেম্বর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে টিসিবি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

### ০৪। শেরপুরের ঝিনাইগাতীতে ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের মতবিনিময়

শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলায় বুধবার (১৩ সেপ্টেম্বর) সরকারি কর্মকর্তা, সাংবাদিক, রাজনীতিবিদ, সুশীল সমাজ, শিক্ষক ও মুক্তিযোদ্ধাদের সাথে এক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার। এ সময় তিনি সোনার বাংলা নির্মাণে সকলের সহযোগিতা কামনা করেন। ঝিনাইগাতী উপজেলা হলরুমে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন শেরপুর জেলা প্রশাসক আব্দুল্লাহ আল খায়রুম। সূত্র: দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস।

### ০৫। স্যালাইন এর দাম বেশি রাখলে ব্যবস্থা নেবে ভোক্তা অধিদপ্তর

দেশে ডেঙ্গু পরিস্থিতি অবনতির সঙ্গে সঙ্গে স্যালাইনের চাহিদা বেড়েছে। এর সঙ্গে পাল্লা দিয়ে বাজারে স্যালাইন সংকট ও অতিরিক্ত দামে বিক্রয়ের অভিযোগ উঠছে। এ অবস্থায় স্যালাইনের গায়ে সর্বোচ্চ খুচরা মূল্যের (এমআরপি) অধিক দাম রাখলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের কথা জানিয়েছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। বুধবার (১৩ সেপ্টেম্বর) রাজধানীর কারওয়ান বাজারে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সভাকক্ষে উৎপাদনকারী প্রতিষ্ঠান, পাইকারি, খুচরা বিক্রেতা ও সংশ্লিষ্টদের অংশগ্রহণে এক মতবিনিময় সভায় অধিদপ্তরের মহাপরিচালক এ এইচ এম সফিকুজ্জামান এ হুঁশিয়ারি দেন। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক নিউ টাইমস:** যে দেশে স্বাক্ষরতার হার যত বেশি, সে দেশ তত বেশি উন্নত। তবে স্বাক্ষরতার সাথে সাথে শিক্ষার হার বৃদ্ধির বিষয়টিও গুরুত্বপূর্ণ। নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্তি পেতে সমাজের প্রতিটি স্তরে সচেতনতা জরুরী। এজন্য সরকারি-বেসরকারি সব উদ্যোগ কার্যকর করতে হবে।
- (খ) **দৈনিক স্বজন:** দেশে প্রচলিত বেশকিছু এন্টিবায়োটিকের কার্যকারিতা অনেকাংশে হ্রাস পেয়েছে। গবেষকরা বলছেন, এ কারণে শিশু এবং হাসপাতালে চিকিৎসাধীন কোনো কোনো রোগীর মারাত্মক ঝুঁকি তৈরীর আশঙ্কা রয়েছে। এন্টিবায়োটিকের অপব্যবহার রোধে জোরালো পদক্ষেপ নিতে হবে।
- (গ) **দৈনিক সবুজ:** ডেঙ্গু রোগের লক্ষণ হিসেবে বর্তমানে নতুন উপসর্গ দেখা যাচ্ছে। ফলে ডেঙ্গু হয়েছে কিনা সেটি বুঝতে দেরি করার কারণে শেষ মুহুর্তে হাসপাতালে আসলেও মারা যাচ্ছেন অনেকেই। সময়মতো চিকিৎসা করা হলে সাধারণ ডেঙ্গু জ্বরে আক্রান্ত প্রায় ১০০ ভাগ রোগী ভালো হয়ে যায়। তাই ডেঙ্গুর মৌসুমে জ্বর হলে অবহেলা করা যাবে না।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণ জরুরী- সুকান্ত দাস (দৈনিক স্বজন)
- ০২। মশা নিয়ে আতঙ্কে দেশবাসী - প্রকাশ ঘোষ বিধান (দৈনিক সবুজ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।

